

দেশের বিভিন্ন জেলায়  
এলজিইডি কর্তৃক নির্মিত ৭টি সেতু ও  
কল্পবাজার জেলার টেকনাফ মাঝানমার  
টানজিট ঘাটে ৫৫০মিটার দীর্ঘ জেটি

শুভ উদ্বোধন করেন

## শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৬ আগস্ট ১৪২৫ বঙ্গাব  
১১ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পটভূমি

পল্লি সড়ক কেবল সড়ক নয়, জীবিকা, কর্মসংস্থান ও উন্নততর জীবনের অবলম্বন। সড়ক পরিবহন ব্যবস্থাকে নিরবচ্ছিন্ন করতে প্রয়োজন সেতু। এলজিইডি সারাদেশের সড়ক নেটওয়ার্ককে একইসুত্রে গঠিত করতে নির্মাণ করছে বৃহৎ সেতু। এসব সড়ক ও সেতু দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বৈপ্লাবিক পরিবর্তন এনেছে। নিরাপদ ও মানসম্মত পল্লি সড়ক অবকাঠামো গড়ে তোলার অংশ হিসেবে দেশের বিভিন্ন জেলায় ৭ টি সেতুর নির্মাণ শেষে আজ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক এগুলোর শুভ উদ্বোধনের মধ্যাদিয়ে সেতুগুলো ব্যবহারের জন্য খুলে দেওয়া হচ্ছে।

বর্তমান সরকারের রূপকল্প ২০২১ এবং ২০৪১ সালে একটি উন্নত দেশ হিসেবে বাংলাদেশকে এগিয়ে নিতে এসব সেতুগুলো ব্যাপক অবদান রাখবে। এর পাশাপাশি করুবাজার জেলার টেকনাফ উপজেলায় টেকনাফ-মায়ানমার ট্রানজিট ঘাটে একটি জেটিরও উদ্বোধন হচ্ছে আজ। এর ফলে সেন্টমার্টিসহ নাফ নদী দিয়ে যাতায়াতকারী যাত্রীদের নৌযানে ওঠানামা সহজতর ও নিরাপদ হবে। যে সেতুগুলো আজ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করছেন সেগুলো হচ্ছে:

- ◆ দিনাজপুর জেলার কাহারোল উপজেলায় মুকুন্দপুর হতে কান্তজিউ বাজার ভায়া কান্তজিউ মন্দির সড়কে চেপা নদীর উপর ২৮০ মিটার দীর্ঘ সেতু
- ◆ জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় ডেফলা ঘাট হতে দিঘীরচর আলমডাঙ্গা পর্যন্ত সড়কে ব্রহ্মপুত্র নদের উপর ৫৬০ মিটার দীর্ঘ “শহীদ লেফটেন্যান্ট শেখ জামাল সেতু”
- ◆ জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় পাইলিং ঘাট হতে সভুপুরা পর্যন্ত সড়কে ব্রহ্মপুত্র নদের উপর ৫৬০ মিটার দীর্ঘ “শহীদ মেজর জেনারেল খালেদ মোশাররফ বীর উত্তম সেতু”
- ◆ টাঁগাইল জেলার নাগরপুর উপজেলায় নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা উপজেলা সড়কে ধলেশ্বরী নদীর উপর ৫২০.৬০ মিটার দীর্ঘ “দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা সেতু”
- ◆ শ্রীপুর উপজেলায় বরমী জিসি পাচ্চা হাজি বাজার ভায়া সিংহন্তী ইউপিসি সড়কে ২৩০০ মিটার চেইনেজে ৩১৫.০০ মিটার দীর্ঘ সেতু
- ◆ মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় কালকিনি উপজেলা হেডকোয়ার্টার-খাসেরহাট জিসি সড়কে আড়িয়াল খাঁ নদের উপর ৬৮৬.৭৫ মিটার দীর্ঘ “শেখ লুৎফুর রহমান সেতু”
- ◆ নড়াইল জেলার সদর উপজেলায় পুরাতন ফেরীঘাট সংলগ্ন চিরা নদীর উপর “শেখ রাসেল সেতু”

## সেতুগুলোর বৈশিষ্ট্য

- ◆ সেতুর ধরণ: প্রি-স্ট্রেসড কংক্রিট গার্ড সেতু
- ◆ নিরাপদ নৌ চলাচলের জন্য প্রতিটি সেতুতে সর্বোচ্চ বন্যাসীমা থেকে পর্যাপ্ত উচ্চতা রাখা হয়েছে
- ◆ পথচারীদের চলাচলের জন্য উভয়পার্শ্বে ফুটপাথ রয়েছে
- ◆ রাতে নিরাপদ চলাচলের জন্য সেতুতে বৈদ্যুতিক বাতি স্থাপন করা হয়েছে
- ◆ সেতুগুলোতে দুটি লেন রয়েছে

## সেতুগুলো নির্মাণের ফলে সৃষ্টি সুবিধা

এসব সেতু নির্মাণের ফলে সংশ্লিষ্ট জেলার অভ্যন্তরীণ এবং পার্শ্ববর্তী জেলাসমূহের সাথে সড়ক যোগাযোগ এবং গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন বন্দর, প্রোথসেন্টার, হাটবাজার, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদির সঙ্গে সংযোগ স্থাপিত হবে। এতে করে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন বেগবান হবে। রাজধানীর সাথে দূরত্ব কমে আসবে।

সরকারের প্রশাসনিক সেবা এবং আইন শৃঙ্খলা রক্ষা কর্মকাণ্ডে গতি আসবে। ফলে জনগণ সরকারের সেবাসমূহ সহজেই লাভ করতে পারবে।

## টেকনাফ-মায়ানমার ট্রানজিট ঘাটে নির্মিত জেটির তথ্য কণিকা

- ◆ জেটির ধরণ : আরসিসি গার্ডার
- ◆ দৈর্ঘ্য : ৫৫০ মিটার
- ◆ ক্যারিজওয়ে : ৩.৭০ মিটার
- ◆ স্প্যান সংখ্যা : ১১ টি
- ◆ পাইল সংখ্যা : ২২২ টি
- ◆ প্রটেকশনসহ এ্যাপ্রোচের রাস্তার দৈর্ঘ্য : ৩৭৫ মিটার

## জেটির গুরুত্ব

- ◆ টেকনাফ থেকে সেন্টমার্টিস দ্বাপে যাতায়াতকারীদের জন্য নৌযানে ও ঠানামায় সুবিধা
- ◆ নাফ নদী দিয়ে চলাচলকারী বিভিন্ন নৌযানের ল্যান্ডিং সুবিধা থাকবে
- ◆ পর্যটন শিল্পের বিকাশে সহায়ক হবে
- ◆ টেকনাফ থেকে সেন্টমার্টিস দ্বাপের দূরত্ব ৫ কিলোমিটার হ্রাস পাবে।



